

আয-যুখরুফ | Az-Zukhruf | أَلْزُخْرُفُ

আয়াতঃ ৪৩ : ৭৭

আরবি মূল আয়াত:

وَنَادُوا يَمْلِكُ لِيَقْضِ عَلَيْنَا رَبُّكَ ۚ قَالَ إِنَّكُمْ مَكِثُونَ ﴿٧٧﴾

অনুবাদসমূহ:

তারা চিৎকার করে বলবে, 'হে মালিক, তোমার রব যেন আমাদেরকে শেষ করে দেন'। সে বলবে, 'নিশ্চয় তোমরা অবস্থানকারী'। — আল-বায়ান

তারা চিৎকার ক'রে বলবে- হে 'মালেক (জাহান্নামের দাড়াওয়ান)! তোমার প্রতিপালক যেন আমাদের দফারফা ক'রে দেন। সে জওয়াব দিবে- 'তোমরা (এ অবস্থাতেই পড়ে) থাকবে'। — তাইসিরুল

তারা চিৎকার করে বলবেঃ হে মালিক (জাহান্নামের অধিকর্তা) তোমার রাব্ব আমাদেরকে নিঃশেষ করে দিন। সে বলবেঃ তোমরা এভাবেই থাকবে। — মুজিবুর রহমান

And they will call, "O Malik, let your Lord put an end to us!" He will say, "Indeed, you will remain." — Sahih International

৭৭. তারা চিৎকার করে বলবে, হে মালেক(১), তোমার রব যেন আমাদেরকে নিঃশেষ করে দেন। সে বলবে, নিশ্চয় তোমরা অবস্থানকারী হবে।

(১) মালেক অর্থ জাহান্নামের ব্যবস্থাপক ফেরেশতার নাম। কথার ইংগিত থেকে এটিই প্রকাশ পাচ্ছে। [ইবনে কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৭৭) ওরা চিৎকার করে বলবে, 'হে মালেক (দোযখের অধিকর্তা)! [1] তোমার প্রতিপালক আমাদেরকে নিঃশেষ করে দিন।' [2] সে বলবে, 'তোমরা তো (চিরকাল) অবস্থান করবে।' [3]

[1] জাহান্নামের দারোগার নাম।

[2] অর্থাৎ, আমাদেরকে মৃত্যু দান করুন, যাতে আযাব থেকে নিষ্কৃতি পেয়ে যাই।

[3] অর্থাৎ, সেখানে মৃত্যু আবার কোথায়? শাস্তির এই জীবন মৃত্যু অপেক্ষা আরো নিকৃষ্টতর হবে। আর এ ছাড়া তো অন্য কোন উপায়ও থাকবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4402>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন